দৈনিক বাংলা

100

তারিখ 31.3.82
পৃষ্ঠা ... কলাম ...

# সিএমএলএ'র অফিস স্থানান্তর

প্রধান সামরিক আইন প্রশাসকের অফিস তেজগাঁর পুরাতন সংসদ ভবনে স্থানান্তর করা হয়েছে বলে সোমবার ঢাকায় সরকারীভাবে ঘোষণা করা হয়।

'ক' অঞ্চলের আঞ্চলিক সামরিক আইন প্রশাসকের অফিস শেরে বাংলা নগরস্থ এমপি হোস্টেলের ৫ ও ৬ নং কক্ষে স্থাপন করা হয়েছে। সোমবার অনবধানতাবশত আঞ্চলিক সামরিক আইন প্রশাসকের অফিসের পরিবর্তে উপ-আঞ্চলিক সামরিক আইন প্রশাসকের অফিস বলে উল্লেখ করা হয়েছে।

এই অফিসের টেলিফোন নম্বর হচ্ছে ৩১৯৫৮৫ ও ৩১৯৫৮৯।

সাব-জোন-১ ঢাকা মহানগরীর উপ-আঞ্চলিক সামরিক আইন প্রশাসকের অফিস সোহরাওয়ার্দী উদ্যানের পুরাতন পুলিশ কন্ট্রোল রুমে স্থাপন করা হয়েছে। এই অফিসের টেলিফোন নম্বর হচ্ছে ২৩৬২৪০ ও ২৩৬২২০। খবর বাসসের।